# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭

১/ বিবিধ

আরবী

من أذنب وهو يضحك دخل النار وهو يبكي

موضوع

أخرجه أبو نعيم أيضا (4 / 96) من طريق عمر بن أيوب حدثنا أبو إبراهيم الترجمان حدثنا محمد بن زياد اليشكري بإسناده المتقدم

وهو من الأحاديث التي سود بها السيوطي أيضا كتابه " الجامع الصغير "! وقال شارحه المناوي: وفيه عمر بن أيوب قال الذهبي: جرحه ابن حبان

قلت: وعمر هذا الظاهر أنه المزني وهاه الدارقطني كما في " الميزان " و" لسانه " فالحمل في الحديث على اليشكري أولى

ثم رأيته في " الحلية (6 / 185) عن بكر بن عبد الله المزني من قوله وهو الأشبه

বাংলা

১৭। যে ব্যাক্তি হাসতে হাসতে গুনাহ করবে, সে কাঁদতে কাঁদতে জাহান্নামে প্রবেশ করবে।

হাদীসটি জাল।

হাদীসটি আবু নু'য়াইম (৪/৯৬) উমর ইবনু আইউব সূত্রে ... বর্ণনা করেছেন। এ সনদেও মুহাম্মাদ ইবনু যিয়াদ ইয়াশকুরী রয়েছেন।

এ হাদীসটি সেই সব হাদীসের একটি, যেগুলোর দ্বারা সুয়ূতী তার “জামোউস সাগীর” গ্রন্থকে কালিমালিপ্ত করেছেন। হাদীসটি সম্পর্কে “জামেউস সাগীর” গ্রন্থের ভাষ্যকার মানবী বলেনঃ এর সনদে বর্ণনাকারী উমার ইবনু

আইউব রয়েছেন, তার সম্পর্কে যাহাবী বলেনঃ ইবনু হিব্বান তাকে দোষী সাব্যস্ত করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ উমার হচ্ছেন মুযানী। দারাকুতনী তাকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন, যেমনটি “আল-মীযান” এবং “আল-লিসান” গ্রন্থে এসেছে। হাদীসটির সনদে মুহাম্মাদ বিন যিয়াদ ইয়াশকুরীও রয়েছেন। তার দ্বারা দোষ বর্ণনা করাই উত্তম। কারণ তাকে মুহাদ্দিসগণ মিথ্যুক এবং হাদীস জালকারী বলে আখ্যা দিয়েছেন।

এ মিথ্যুকের সূত্রেই বর্ণিত হয়েছে নিম্নের হাদীসটিঃ (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5278

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন